

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]


## প্রেস বিজ্ঞপ্তি

মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প পরিদর্শন

পাবনা (ঈশ্বরদী), ২৪ জানুয়ারি, ২০১৯;

আজ মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প এলাকা পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের সময় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর এবং রোসাটমের উর্ধ্বতন কর্মকর্তাসহ মন্ত্রণালয়স্বতন্ত্র সংস্থাপ্রধানগণ এবং প্রকল্পপরিচালকগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শন শেষে মন্ত্রী বলেন, জাতির জনক বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার প্রকল্পটি বাস্তবায়নের জোরালো পদক্ষেপ গ্রহণ করেন। আর এটি সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগ্রহ, উদ্যোগ, সাহস এবং দুরদর্শী সিদ্ধান্তের ফলে। যা আজ দৃশ্যমান। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে নিরাপত্তার উপর সর্বোচ্চ জোর দেয়া হচ্ছে। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) সকল সেফটি মানদণ্ড ও গাইডলাইন এবং বাংলাদেশের বিদ্যমান আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করেছে। এছাড়াও রাশান ফেডারেশন, আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থাসহ আন্তর্জাতিক, স্থানীয় ও নিজস্ব জনবলের মাধ্যমে সকল রেগুলেটরি ডকুমেন্টের কারিগরি মূল্যায়ন ও পর্যালোচনা করে বিশেষজ্ঞ মতামত ও গ্রহণ করা হয়েছে। আর সে অনুযায়ী প্রকল্পের সকল কর্মকর্তা ও কর্মচারীদের সুষ্ঠুভাবে কাজ করে যাওয়া নির্দেশন প্রদান করেন।

  
28.2.19  
(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: [pro@most.gov.bd](mailto:pro@most.gov.bd)  
[royv047@gmail.com](mailto:royv047@gmail.com)